



ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড
Islami Bank Bangladesh Limited
Corporate Investment Wing
Sustainable Finance division
Corporate Social Responsibility Department

পাঠ
কেন্দ্র
১০/১০/২০১৯

HEAD OFFICE: YOUNG CHAMBER
20 MILKUSHA C/A, DHA-1000, BANGLADESH
Phone: 7118641 PABX 47118639, 47118605
Fax: 880-261, 775 Mob.: 01755543067
Call Center: 1209
e-mail: csrd@islamibankbd.com
Website: www.islamibankbd.com

সূত্রঃ আইবিবিএল/প্রকা/সিএসআরডি/২০১৯/

তারিখঃ ০৯/১০/২০১৯

প্রধান শিক্ষক/অধ্যক্ষ ১৫৩৪
আব্দুল হক মন্ডল
কমান্ডার
গুলশান

বিষয় : ২০১৯ সালের এস.এস.সি/সমমানের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের “ইসলামী ব্যাংক শিক্ষাবৃত্তি ২০১৯ (উচ্চ মাধ্যমিক স্তর)” - এর অনলাইনে দরখাস্ত আহ্বান প্রসঙ্গে।

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

দেশের পিছিয়ে পড়া হতদরিদ্র জনগোষ্ঠীর মধ্য থেকে উঠে আসা অনেক মেধাবী শিক্ষার্থী একান্ত নিজের চেষ্টায় বিভিন্ন পরীক্ষায় সফলতার সাথে প্রতিকূলতাকে জয় করেছে। তাদের কেউ কেউ মজুরী খেটে, রিক্সা চালিয়ে, বুকে হামাগুড়ি দিয়ে লেখাপড়া করে নিজে সফল হয়েছে, জাতিকেও সমৃদ্ধ করেছে। আমরা এসব সম্ভাবনাময় শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানাই।

কল্যাণমুখী ব্যাংকিং ধারার প্রবর্তক ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড প্রতিষ্ঠাকাল থেকেই দেশের শিক্ষাখাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। ইতোমধ্যে ব্যাংকের পক্ষ থেকে প্রায় পাঁচ লক্ষাধিক সুবিধাভোগীকে শিক্ষাবৃত্তিসহ নানা ধরনের সহযোগিতা প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৯ ইং সালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত (প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৪.৫) সারা দেশের অতি দরিদ্র, অসমর্থ ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মধ্য থেকে ১৫০০ (এক হাজার পাঁচশত) জন ছাত্র-ছাত্রীকে তাদের লেখাপড়া চালিয়ে নিতে সহযোগিতার জন্য ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড “ইসলামী ব্যাংক শিক্ষাবৃত্তি ২০১৯ (উচ্চ মাধ্যমিক স্তর)” প্রকল্প হাতে নিয়েছে।

এই কর্মসূচীর সফল বাস্তবায়নে নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণ করে সহযোগিতার জন্য অনুরোধ করা হল :

- আবেদনকারীকে অতি দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী হতে হবে।
- যে সব ছাত্র-ছাত্রী সরকারী বৃত্তি ব্যতীত অন্য কোন উৎস থেকে বৃত্তি পাচ্ছে, তারা ইসলামী ব্যাংকের শিক্ষা বৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ২০১৯ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ, আগ্রহী ছাত্র-ছাত্রীদেরকে অনলাইনে

<https://scholarship.islamibankbd.com> এই ওয়েবলিংকে নিম্নোক্ত সংযুক্তিসহ আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

- আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির স্ক্যান কপি
- এস.এস.সি/সমমান পরীক্ষার মার্কশিট
- আবেদনকারীর পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র
- বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত স্টুডেন্ট আই.ডি কার্ড

৪. শিক্ষার্থী ওয়েবসাইটে তার অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নিকটস্থ আইবিবিএল শাখার মাধ্যমে আবেদন সম্পন্ন করে আবেদনের কপি ডাউনলোড করবে এবং প্রিন্ট করে আবেদনকারী, অভিভাবক এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ সংশ্লিষ্ট শাখায় জমা দিবে।

৫. আবেদন গুরুর তারিখঃ ১০ অক্টোবর ২০১৯

-আবেদনের শেষ তারিখঃ ৩১ অক্টোবর ২০১৯

-ওয়েবসাইটে আবেদনের প্রিন্ট কপিসহ সকল কাগজপত্রের সত্যতা যাচাইয়ের জন্য আইবিবিএল-এর সংশ্লিষ্ট শাখায় জমাদানের তারিখঃ

১০ অক্টোবর ২০১৯ থেকে ৩১ অক্টোবর ২০১৯

-চূড়ান্ত ফলাফল প্রকাশঃ ওয়েবসাইট-এর মাধ্যমে প্রকাশিত হবে।

ব্যাংকের এই উদ্যোগে আপনাদের আন্তরিক সহযোগিতা দেশের হতদরিদ্র মেধাবী ছেলে-মেয়েদের মেধাবিকাশের সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদের উচ্চশিক্ষার পথ সুগম করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমরা প্রত্যাশা করি।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ শাফিকুর)

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট